দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতাঃ আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক
সোমবার | ৩১ জানুয়ারি ২০২২ | www.edainikazadi.net রেজিঃ নং-চ-৫৪ | ৬২তম বর্ষ ১৪৭ সংখ্যা | ১৭ মাঘ ১৪২৮ সাল | ২৭ জমাদিউস সানি ১৪৪৩ হিজরি | ৮ পৃষ্ঠা | ৬ টাকা

# প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের ওয়েবিনার


বক্তব্য রাখছেন প্রফেসর ড. অনুপম সেন

প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের উদ্যোগে 'বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর : অর্থনৈতিক অর্জন ও অগ্রগতি' শীর্ষক ওয়েবিনার গত শনিবার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। প্রধান আলোচক ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য প্রফেসর ড. আবু তাহের। বিশেষ অতিথি ছিলেন ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. আবুল হোসাইন। বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরীর সভাপতিত্বে ওয়েবিনারে প্রধান অতিথি বলেন, বঙ্গবন্ধু পশ্চিম পাকিস্তানের শোষণ থেকে বাংলার ও বাংলার মানুষের অর্থনৈতিক মুক্তির জন্য ছয় দফা ঘোষণা করেছিলেন। তিনি ১৯৭২ সালে ১০ মাসের মধ্যে একটি সংবিধান দিয়েছিলেন। এছাড়া প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা গ্রহণ ও তার বাস্তবায়ন শুরু করে খুবই দ্রুত এদেশের অর্থনীতিকে পুনরুজ্জীবিত করেছিলেন। সভাপতি ফারজানা ইয়াসমিন চৌধুরী তাঁর বক্তব্যে বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নে বর্তমান স্থিতিশীল সরকার এবং দৃঢ় নেতৃত্বের ভূমিকা তুলে ধরেন। ওয়েবিনারে প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের সকল শিক্ষক-শিক্ষিকা এবং বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেন।উল্লেখ্য, ওয়েবিনারের শুরুতে 'বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর : অর্থনৈতিক অর্জন ও অগ্রগতি' বিষয়ে একটি তথ্যচিত্র উপস্থাপন করা হয়। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 31 January 2022, Page: 3, Col: 7
https://www.edainikazadi.net/index.php?page=1&date=2022-01-31

চট্টগ্রাম সোমবার ৩১ জানুয়ারি ২০২২

# দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক পত্রিকা

রেজিঃ নম্বর-চ-৮৯।। ৩৬তম বর্ষ ৩৪০তম সংখ্যা।। ১৭ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ।। ২৭ জমাদিউস সানি ১৪৪৩ হিজরি।। Monday 31 January 2022।। ৮ পৃষ্ঠার মূল্য ৬ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone







### প্রিমিয়ার ভার্সিটির অর্থনীতি বিভাগের ওয়েবিনারে ড. অনুপম সেন

# বঙ্গবন্ধুকে অনুসরণ করে দেশরত্ন শেখ হাসিনা দেশের উন্নয়ন করে চলেছেন

প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের উদ্যোগে 'বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর : অর্থনৈতিক অর্জন ও অগ্রগতি' শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে। গত শনিবার (২৯ জানুয়ারি) সন্ধ্যা ৭টায় অনুষ্ঠিত ওয়েবিনারে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন।




অতিথি ও প্রধান আলোচক ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য প্রফেসর ড. আবু তাহের। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. আবুল হোসাইন। প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরীর সভাপতিত্বে ওয়েবিনারে প্রধান অতিথি ড. অনুপম সেন বলেন, বঙ্গবন্ধুকে অনুসরণ করে দেশরত্ন শেখ হাসিনা বাংলাদেশের অভূতপূর্ব উন্নয়ন করে চলেছেন। প্রধান আলোচকের প্রফেসর ড. আবু তাহের বলেন, মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর মাহেন্দ্রক্ষণে এমন একটি আয়োজনের জন্য প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগকে ধন্যবাদ। হাজার বছরের সাধনা ও সংগ্রামের ফসল স্বাধীন বাংলাদেশ। প্রফেসর ড. আবুল হোসাইন বলেন, বঙ্গবন্ধু তাঁর সাড়ে তিন বছরের শাসনামলে বিভিন্ন দূরদর্শী পরিকল্পনা যেমন, কৃষিঋণ, সবার জন্য প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ, আমদানি বিকল্প নীতি, স্বল্প সময়ে কূটনৈতিক সাফল্য ইত্যাদির মাধ্যমে আজকের বাংলাদেশের উন্নয়নের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। সভাপতি ফারজানা ইয়াসমিন চৌধুরী বলেন, বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নে বর্তমান স্থিতিশীল সরকার এবং দৃঢ় নেতৃত্বের ভূমিকা তুলে ধরেন। ওয়েবিনারে প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের সকল শিক্ষক-শিক্ষিকা এবং ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেন। ওয়েবিনারের শুরুতে 'বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর : অর্থনৈতিক অর্জন ও অগ্রগতি' বিষয়ে একটি তথ্যচিত্র উপস্থাপন করা হয়।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 31 January 2022, Page: 3, Col: 5
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2022-01-31

সোমবার
চট্টগ্রাম
৩১ জানুয়ারি ২০২২
১৭ মাঘ ১৪২৮
২৭ জমাদিউস সানি ১৪৪৩
বর্ষ-১০, সংখ্যা-৫০

১০ বছরে
দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh



দেশে করোনা সংক্রমণ উদ্বেগজনক।
বাঁচতে হলে মাস্ক পরিধান করুন।

শুভ সকাল
৩,১০৬ উদ্যোক্তা পেয়েছেন ৩০০ কোটি টাকার ঋণ

দশ কথার এক কথা
বিদেশে বিনিয়োগ বন্ধ রাখলে অর্থ পাচার হয়ে যাবে: অর্থমন্ত্রী

প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
www.dailypurbodesh.com
৮ পৃষ্ঠা | ৬ টাকা

চট্টগ্রামে শনাক্ত ১,১৯,১২৭ মৃত্যু ১,৩৫৪

শেষ পাতায়
আলোচিত সিনহা হত্যা মামলার রায় আজ

# প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগে ওয়েবিনার

প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের উদ্যোগে 'বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর : অর্থনৈতিক অর্জন ও অগ্রগতি' শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে। ২৯ জানুয়ারি সন্ধ্যা ৭টায় অনুষ্ঠিত ওয়েবিনারে প্রধান অতিথি ছিলেন একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। অতিথি ও প্রধান আলোচক ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য প্রফেসর ড. আবু তাহের। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. আবুল হোসাইন।

প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরীর সভাপতিত্বে ওয়েবিনারে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন বলেন, পশ্চিম পাকিস্তানের শোষণের ইতিহাস বর্ণনা করে বলেন, বঙ্গবন্ধু পশ্চিম পাকিস্তানের শোষণ থেকে বাংলার ও বাংলার মানুষের অর্থনৈতিক মুক্তির জন্য ছয় দফা ঘোষণা করেছিলেন।

তিনি বলেন, ১৯৭১ সালের স্বাধীনতার পরে বঙ্গবন্ধু একটি যুদ্ধবিধ্বস্ত দেশ পেয়েছিলেন। তিনি ১৯৭২ সালে ১০ মাসের মধ্যে একটি সংবিধান দিয়েছিলেন। এছাড়া প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা গ্রহণ ও তার বাস্তবায়ন শুরু করে খুবই দ্রুত এদেশের অর্থনীতিকে পুনরুজ্জীবিত করেছিলেন।

তিনি উল্লেখ করেন, বঙ্গবন্ধুকে অনুসরণ করে দেশরত্ন শেখ হাসিনা বাংলাদেশের অভূতপূর্ব উন্নয়ন করে চলেছেন। এই সরকার যাতে স্থায়ী হয়, তার জন্য জনগণের সহযোগিতা করা ও এগিয়ে আসা উচিত।

অতিথি ও প্রধান আলোচকের বক্তব্যে প্রফেসর ড. আবু তাহের বলেন, বঙ্গবন্ধু ১৯৪৭ থেকে ধারাবাহিক সংগ্রামের মাধ্যমে ১৯৭১ সালে স্বাধীনতার ডাক দেন এবং দীর্ঘ নয় মাস মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশ স্বাধীন করেন। তারপর ১৯৭৫ সালের ১৫ আগস্ট তাঁর নির্মম হত্যাকাণ্ডের আগেই যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশকে স্বল্পোন্নত দেশে পরিণত করেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্বে এই দেশ উন্নয়নশীল দেশে পরিণত হয়েছে।

বিশেষ অতিথি প্রফেসর একেএম তফজল হক বলেন, বাংলাদেশ এখন বিশ্বের বিস্ময়। করোনাকালে বাংলাদেশ তার ধারাবাহিক উন্নয়ন ধরে রেখে এই বিস্ময়ের সৃষ্টি করেছে। তিনি দক্ষ মানবসম্পদ গড়ে তোলা, কারিগরি শিক্ষার বিস্তার এবং নলেজ ম্যানেজমেন্টে বর্তমান সরকারের ভূমিকার প্রশংসা করেন।

প্রফেসর ড. আবুল হোসাইন বলেন, বঙ্গবন্ধু তাঁর সাড়ে তিন বছরের শাসন-আমলে বিভিন্ন দূরদর্শী পরিকল্পনা, যেমন, কৃষিঋণ, সবার জন্য প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ, আমদানি বিকল্প নীতি, স্বল্প সময়ে কূটনৈতিক সাফল্য ইত্যাদির মাধ্যমে আজকের বাংলাদেশের উন্নয়নের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

সভাপতি ফারজানা ইয়াসমিন চৌধুরী তাঁর বক্তব্যে বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নে বর্তমান স্থিতিশীল সরকার এবং দৃঢ় নেতৃত্বের ভূমিকা তুলে ধরেন। ওয়েবিনারে প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের সকল শিক্ষক-শিক্ষিকা এবং বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেন।

ওয়েবিনারের শুরুতে 'বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর : অর্থনৈতিক অর্জন ও অগ্রগতি' বিষয়ে একটি তথ্যচিত্র উপস্থাপন করা হয়।




প্রিমিয়ার ইউনিভার্সিটির ওয়েবিনারে অতিথিরা

Ref: Daily Purbodesh, Date: 31 January 2022, Page: 3, Col: 4
https://epurbodesh.com/index.php?date=31-01-2022&page=3

চট্টগ্রাম • সোমবার • ৩১ জানুয়ারি ২০২২ • ১৭ মাঘ ১৪২৮ • ২৭ জমাদিউস সানি ১৪৪৩ | ৮ পৃষ্ঠা • মূল্য ৬ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৮ সংখ্যা ১৬৫ | suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH



মহানগর
জনগণের দুর্ভোগের সীমা নেই : শাহাদাত হোসেন ৩

সংবাদ ৪
গ্রামীণ জীবনযাত্রার মান উন্নত হচ্ছে : মোছলেম



দেশগ্রাম ৫
উখিয়ার সবুজসম্পদ ধ্বংস করে দিচ্ছে অবৈধ স মিল বাণিজ্য

বিনোদন
৬ সাধারণ সম্পাদক পদে পুনরায় ...



# বাংলাদেশ এখন উন্নয়নের মডেল

## প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের ওয়েবিনার

প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের উদ্যোগে 'বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর : অর্থনৈতিক অর্জন ও অগ্রগতি' শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে ২৯ জানুয়ারি। সন্ধ্যা ৭টায় অনুষ্ঠিত এই ওয়েবিনারে প্রধান অতিথি ছিলেন একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন।

সম্মানিত অতিথি ও প্রধান আলোচক ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য প্রফেসর ড. আবু তাহের।

বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. আবুল হোসাইন।

প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরীর সভাপতিত্বে এতে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন বলেন, মোগল সম্রাট শাহজাহানের শাসনামলে বিশ্ববিখ্যাত পর্যটক বার্নিয়ার বাংলায় এসেছিলেন। তিনি দু'বার বাংলা পরিভ্রমণ করে ফরাসী রাজা চতুর্দশ লুইয়ের প্রধানমন্ত্রী কোলবার্টকে চিঠি লিখে জানিয়েছিলেন, বাংলাদেশ পৃথিবীর সবচেয়ে ধনী দেশ, সমৃদ্ধ দেশ। বস্তুত এ কারণে বিদেশিদের লোলুপ দৃষ্টি ছিল বাংলার দিকে। তারা কালের পর কাল বাংলাকে শোষণ করেছে, বাংলার সম্পদ লুণ্ঠন করেছে। ১৭৫৭ সালে ইস্ট ইন্ডিয়া কোম্পানি বাংলা দখল করার মাত্র তিন বছরের মধ্যে এদেশের ৫০০ কোটি পাউন্ডের সম্পদ ইংল্যান্ডে পাচার করে, যার কারণে ১৭৬০ দশকে ইংল্যান্ডে প্রথম শিল্পবিপ্লব সংঘটিত হয়। তারা ১৯৪৭ সাল পর্যন্ত প্রায় ১৯০ বছর বাংলাকে শোষণ করেছিল।

ড. অনুপম সেন বাংলায় পশ্চিম পাকিস্তানের শোষণের ইতিহাস বর্ণনা করে বলেন, বঙ্গবন্ধু পশ্চিম পাকিস্তানের শোষণ থেকে বাংলার ও বাংলার মানুষের অর্থনৈতিক মুক্তির জন্য ছয় দফা ঘোষণা করেছিলেন।

তিনি বলেন, ১৯৭১ সালের স্বাধীনতার পরে বঙ্গবন্ধু একটি যুদ্ধবিধ্বস্ত দেশ পেয়েছিলেন। তিনি ১৯৭২ সালে ১০ মাসের মধ্যে একটি সংবিধান দিয়েছিলেন। এছাড়া প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা গ্রহণ ও তার বাস্তবায়ন শুরু করে খুবই দ্রুত এদেশের অর্থনীতিকে পুনরুজ্জীবিত করেছিলেন।

তিনি উল্লেখ করেন, বঙ্গবন্ধুকে অনুসরণ করে শেখ হাসিনা বাংলাদেশের অভূতপূর্ব উন্নয়ন করে চলেছেন। এই সরকার যাতে স্থায়ী হয়, তার জন্য জনগণের সহযোগিতা করা ও এগিয়ে আসা উচিত।

সম্মানিত অতিথি ও প্রধান আলোচকের বক্তব্যে প্রফেসর ড. আবু তাহের মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর মাহেন্দ্রক্ষণে এমন একটি আয়োজনের জন্য প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগকে ধন্যবাদ জানিয়ে বলেন, হাজার বছরের সাধনা ও সংগ্রামের ফসল স্বাধীন বাংলাদেশ। ক্ষুদিরাম ও সূর্য সেন থেকে শুরু করে অনেক মহামানব ধাপে ধাপে এই স্বাধীনতা সংগ্রামকে এগিয়ে নিয়েছেন। বঙ্গবন্ধু ১৯৪৭ থেকে ধারাবাহিক সংগ্রামের মাধ্যমে ১৯৭১ সালে স্বাধীনতার ডাক দেন এবং দীর্ঘ নয় মাস মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশ স্বাধীন করেন। তারপর ১৯৭৫ সালের ১৫ আগস্ট তাঁর নির্মম হত্যাকাণ্ডের আগেই যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশকে স্বল্পোন্নত দেশে পরিণত করেন।

তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্বে এই দেশ উন্নয়নশীল দেশে পরিণত হয়েছে। একসময় বলা হতো, বাংলাদেশ তলাবিহীন ঝুড়ি। এখন বলা হয়, বাংলাদেশ উন্নয়নের রোল মডেল। তিনি সুশাসন নিশ্চিতকরণ, দুর্নীতি হ্রাস করা, মানসম্মত শিক্ষা নিশ্চিত করা ও বৈষম্য কমানোর মাধ্যমে বাংলাদেশ উত্তরোত্তর আরও উন্নতি করবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

বিশেষ অতিথি প্রফেসর একেএম তফজল হক বলেন, বাংলাদেশ এখন বিশ্বের বিস্ময়। করোনাকালে বাংলাদেশ তার ধারাবাহিক উন্নয়ন ধরে রেখে এই বিস্ময়ের সৃষ্টি করেছে। তিনি বাংলাদেশের মেগাপ্রজেক্টগুলি নিয়ে কথা বলেন, সেইসাথে দক্ষ মানবসম্পদ গড়ে তোলা, কারিগরি শিক্ষার বিস্তার এবং নলেজ ম্যানেজমেন্টে বর্তমান সরকারের জনদরদী ভূমিকার ভূয়সী প্রশংসা করেন।

প্রফেসর ড. আবুল হোসাইন বলেন, বঙ্গবন্ধু তাঁর সাড়ে তিন বছরের শাসনামলে বিভিন্ন দূরদর্শী পরিকল্পনা, যেমন, কৃষিঋণ, সবার জন্য প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ, আমদানি বিকল্প নীতি, স্বল্প সময়ে কূটনৈতিক সাফল্য ইত্যাদির মাধ্যমে আজকের বাংলাদেশের উন্নয়নের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

ওয়েবিনারে প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের সকল শিক্ষক-শিক্ষিকা এবং বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেন।

উল্লেখ্য, ওয়েবিনারের শুরুতে 'বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর : অর্থনৈতিক অর্জন ও অগ্রগতি' বিষয়ে একটি তথ্যচিত্র উপস্থাপন করা হয়। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 31 January 2022, Page: 3, Col: 2
https://esuprobhat.com/index.php?page=1&date=2022-01-31